# বিক্রয় কোবলা দলিল

প্রদেয় মূল্য-............... টাকা,সরকার নির্দ্ধারিত বাজার মূল্য-................ টাকা,জে এল নম্বর ৯২,মৌজা-কৃষ্ণনগর,থানা-কোতয়ালী,জেলা-নদীয়া,যাহা কৃষ্ণনগর পৌরসভা এলাকাধীন।

পরিমাণ ২৫ শতাংশ সুপার বিল্ট- আপ এরিয়া সহ ....................

**কোবলা গ্রহিতা ঃ** শ্রী ..............,PAN - ..............
পিতা-.................
জাতি-হিন্দু,পেশা-...........,ভারতীয় নাগরিক,
সাং-..................,পোঃ-................,
থানা-...,  জেলা-......,পিন নং-৭৪১১০১।

ক্রমশ ঃ ২

Scanned with CamScanner

**কোবলা দাতা ঃ** **শ্রী সোমনাথ প্রামানিক,**
**(PAN-ALHPP3939K)**
**পিতা-মৃত ঠাকুরপদ প্রামানিক,**
জাতি-হিন্দু,পেশা-ব্যবসা,ভারতীয় নাগরিক,
সাং-শক্তিনগর আশুরায় রোড,
পোঃ-শক্তিনগর,থানা-কোতোয়ালী,
জেলা-নদীয়া,পিন-৭৪১১০২।

পক্ষে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তারগন-

**আইকন রিয়্যালিটি (PAN-AAHFI4093A)**
সাকিন-৩৬,জে এন রায় বাহাদুর রোড,
পোঃ-কৃষ্ণনগর,থানা-কোতয়ালী,
জেলা-নদীয়া,পিন নং -৭৪১১০১

**পক্ষে অংশীদারগন -**

১) শ্রী বিশ্বজিৎ কর্মকার,**(PAN-BEWPK1192Q)**
পিতা-মৃত অজিত কর্মকার, সাকিন ও পোঃ-জাহাঙ্গিরপুর,
থানা-কোতয়ালী, জেলা-নদীয়া, পিন নং-৭৪১১০৩।

২) শ্রী সুকল্যান রায়,**(PAN-AEDPR3688C)**
পিতা-মৃত তাপস রায় ,সাকিন - এ ভি হাই স্কুল মোড় ,
পোঃ- কৃষ্ণনগর, থানা-কোতয়ালী, জেলা- নদীয়া,
পিন নং-৭৪১১০১।

৩) শ্রীমতি মালা হালদার,**(PAN-AJLPH6525R)**
স্বামী -শ্রী রাজকুমার হালদার,সাকিন -জে কে সাহা লেন ,
কাঁঠালপোতা পোঃ- কৃষ্ণনগর, থানা-কোতয়ালী,
জেলা- নদীয়া,পিন নং-৭৪১১০১,

৪) শ্রীমতি সোমা মন্ডল,**(PAN-COLPM4109P)**
স্বামী -শ্রী বলাই মন্ডল,সাকিন - নাজিরাপাড়া,
পোঃ-ঘূর্ণি,থানা-কোতয়ালী,
জেলা- নদীয়া,পিন নং-৭৪১১০৩,

**(আমমোক্তার দলিল নং -৩০৫১/২০২০,বুক নং -১, ভ্যলুয়ম নং- ১৩০২,পৃষ্ঠা নং - ৬০৯৫২ নং হইতে ৬০৯৮২ নং,তাং-১৯.০৩.২০২০,এ.ডি.এস.আর.কৃষ্ণনগর,নদীয়া) প্রকাশ থাকে যে,উক্ত আমমোক্তার নামা দলিলের লিখিতংগণ ও বরাবর অদ্যাবধি জীবিত আছেন এবং উক্ত আমমোক্তার অদ্যাবধি বলবৎ ও ফলবৎ আছে।**

Scanned with CamScanner

কস্য রায়তি স্থিতিবান অকৃষি প্রজায় স্বত্বের জমিজমা মায় তদুপরিস্থিত বাণিজ্যিক স্থল সহ বহুতল বিশিষ্ট আবাসিক বিল্ডিং এর.............. কমন লিফট এর সুবিধাসহ ছাদের উপরিস্থিত স্বত্ব ব্যাতিরেকে ও সর্বোচ্চতলের কমন স্বত্বসহ,মেঝে হইতে ছাদের বীমের নীচ অবধি উচ্চতাবিশিষ্ট .............. দিকে কমন দেওয়াল সম্বলিত ............ নামাঙ্কিত কর্ভাড এরিয়া ........... বর্গফুট এবং ২৫ শতাংশ সুপার বিল্ট সহ ................বর্গ ফুট এরিয়া মায় দেশের প্রচলিত বহুতল আবাসনের আইন ও নিয়ম মোতাবেক অবিভক্ত তলস্ত জমির আনুপাতিকস্বত্ব সহ ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রয় কোবলা পত্র মিদং কার্য্যাঞ্চাগে। নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি যাহা সোমনাথ প্রামানিক মহাশয় ইং ২০/০২/২০১৬ তারিখে এ.ডি. এস. আর. কৃষ্ণনগর আফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০১৬ ভ্যলুমের ৪১০৯০ নং পাতা থেকে ৪১১২৯ নং পাতায় লিপিবদ্ধকৃত ১৯৪৭ নং দলিল মূলে অসিত সাহা দিগরের সহিত যৌথ ভাবে ও বিগত ইং ১৪/১২/২০১৫ তারিখে এ.ডি. এস. আর. কৃষ্ণনগর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০১৫ ভ্যলুমের ৮৫০১৩ নং পাতা থেকে ৮৫০৩৪ নং পাতায় লিপিবদ্ধকৃত ৯০৭৪ নং একখণ্ড বিক্রয় কোবলা দলিল মূলে অসিত সাহা দিগরের সহিত যৌথ ভাবে ও বিগত ইং ১৩/০৫/২০১৯ তারিখে এ.ডি. এস. আর. কৃষ্ণনগর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০১৯ ভ্যলুমের ৭৯৩০৭ নং পাতা থেকে ৭৯৩২৩ নং পাতায় লিপিবদ্ধকৃত ৪৩১০ নং একখণ্ড বিক্রয় কোবলা দলিল মূলে ও বিগত ইং ২৯/৫/২০১৯ তারিখে এ.ডি. এস. আর. কৃষ্ণনগর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০১৯ ভ্যলুমের ৮৬৫৫৯ নং পাতা থেকে ৮৬৫৭৮ নং পাতায় লিপিবদ্ধকৃত ৪৭০৮ নং একখণ্ড বিক্রয় কোবলা দলিল মূলে ও বিগত ইং ২৫/ ০২/২০২০ তারিখে এ.ডি. এস. আর. কৃষ্ণনগর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০২০ ভ্যলুমের ৩৬৫৬৭ নং পাতা থেকে ৩৬৬৩০ নং পাতায় লিপিবদ্ধকৃত ২০৪৭ নং একখণ্ড বিক্রয় কোবলা দলিল মূলে প্রাপ্ত হইয়া নিজ নামে হাল এল.আর.জরীপে ৪৮৬১৯ নং ও ৪২৬৪১ নং পৃথক পৃথক দুইটি খতিয়ানে রেকর্ডভুক্ত করাইয়া সরকার বাহাদুর সেরেস্তায় ও কৃষ্ণনগর পৌরসভাতে নিজ নাম পত্তন করতঃ এককভাবে মালিক স্বত্ববান, ভোগদখলকার থাকা অবস্থায় আমি অত্র দলিলের দাতা আইকন রিয়্যালিটির পক্ষে অংশীদারীগনের সহিত গত ইং -১৩/০৩ /২০২০ তারিখে কৃষ্ণনগর এ.ডি.এস.আর অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩০২/২০২০ নং সিডি ভ্যলুমের ৫৫১১৩ নং পাতা হইতে ৫৫১৪২ নং পাতায় লিপিবদ্ধকৃত ২৮৫১ নং একটি বহুতল আবাসন নির্মানের চুক্তিপত্রে আবদ্ধ হইয়া নিরবিচ্ছিন্নভাবে অপরের বিরুদ্ধস্বত্বে নিরাংশে, নিরাপত্তে, মালেক, স্বত্ত্ববান ও ভোগদখলীকার আছি।

এক্ষনে তপশীল বর্নিত দাগস্থিত জমি পরে দেশের প্রচলিত ও স্থানীয় পৌরসভার আইন ও নিয়ম মানিয়া কমন লিফট এর সুবিধা সহ নিজ নামে ..........নামীয় বহুতল বিশিষ্ট বিল্ডিং অনুমোদন প্রাপ্ত হইয়া বহুতল বিশিষ্ট বিল্ডিং নির্মিত হইয়াছে। উক্ত বিল্ডিং এর ............ মেঝে হইতে ছাদের বীমের নিচ অবধি উচ্চতা বিশিষ্ট

ক্রমশ : ৪

Scanned with CamScanner

ছাদের উপরস্থিত স্বত্ব ব্যতিরেকে ........... কোনে মেঝে হইতে ছাদের বীমের নীচ অবধি উচ্চতা বিশিষ্ট ............দিকে কমন দেওয়াল সম্বলিত কমন লিফট এর সুবিধা এবং ২৫ শতাংশ সুপার বিল্ট এরিয়া সহ ................ নং এরিয়া মায় দেশের প্রচলিত বহুতল আবাসনের আইন ও নিয়ম মোতাবেক অবিভক্ত তলস্থ জমির আনুপাতিক স্বত্বসহ বিক্রয় করিবার সিদ্ধান্ত গ্রহন করিয়া প্রকাশ্যে ঘোষণা দিলে আপনারা অত্র কোবলা গ্রহীতা তাহা জানিতে পারিয়া মোট -................টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব দিলে আমরা দাতার পক্ষে আমমোক্তারগন তাহাতে সম্মত হইয়া ও সরকার নির্দ্ধারিত বাজার মূল্য-.............টাকা মূল্যের স্ট্যাম্প ডিউটি প্রদান করিয়া সমুদয় অর্থ নগদে,চেকের মাধ্যমে ও ব্যাঙ্কার চেকের মাধ্যমে বুঝিয়া পাইয়া ও অত্র বিক্রয় কোবলা দলিল আপনাদের বরাবর সহি সম্পাদন করতঃ এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামীত্ব লভ্য হক দখল অধিকারাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে অত্র বিক্রয় কোবলা দলিলের বলে রদ ,রহিত ও লোপ পাইয়া সম্পূর্ণরূপে আপনার প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তিল ও অর্পিল। আপনি কোবলা গ্রহিতা অদ্য এই দলিল বলে তপশীল বর্ণিত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ত্ববান/স্বত্তবতী, ভোগদখলীকার /ভোগদখলকারিণী হইয়া নদীয়া কালেক্টার বাহাদুর সেরেস্তায় ও স্থানীয় পৌরসভায় আপনার নিজ নাম পত্তনে দান বিক্রয় সহ সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে নিজ ওয়ারিশ উত্তারাধিকারী কি স্থলাভিষিক্তগণক্রমে চিরকালের নিমিত্তে যদৃচ্ছা দখল ভোগ করিতে থাকুন বা থাকিবেন তাহাতে কষ্মিন কালেও আমারা অত্র কোবলা দাতাগন বা আমাদের অপর কোন ওয়ারিশ উত্তারাধিকারী কি স্থলাভিষিক্তগণ কেহ ভবিষ্যতে কোন প্রকার ওজর আপত্তি কি দাবী-দাওয়া করিতে পারিব না বা পারিবেক না,করিলেও তাহা অত্র বিক্রয় কোবলার বলে সর্বত্র সর্বাদালতে বাতিল অগ্রাহ্য ও নামাঞ্জুর হইবে।বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অন্য কোন স্থানে কাহারো নিকট দান-বিক্রয়, হস্তান্তর কোন কিছু করি নাই বা করা নাই বা বিক্রয়ের নিমিত্তে অপর কাহারো সহিত বায়নানামা চুক্তিতে আবদ্ধ হই নাই।সম্পূর্ন নির্দায়, নির্দোষ খাস মুক্তাবস্থায় থাকাকালীন আপনার বরাবর বিক্রয় করিয়া দিয়া চিরতরে নিঃস্বত্ত্ববান, নিঃস্বত্ত্ববতী, দখলহীন ও দখলহীনা হইলাম।যদি ভবিষ্যতে কোন প্রকার তঞ্চকতা মূলক কার্য্য প্রকাশ পায় বা পাইয়া আপনার দখল ভোগের কোন প্রকার বাধা- বিঘ্ন ঘটে তাহা হইলে অদ্যকার তারিখ হইতে মূল্যের সমুদয় টাকা আপনার বরাবর এককালীন ফেরৎ দিতে বাধ্য থাকিলাম।অন্যথায় সর্ববিধ দেওয়ানী ও ফৌজদারী আইন আমলে আসিবেক। যদি অদ্যকার তারিখে সম্পাদিত বিক্রয় কোবলা দলিলে কোন প্রকার ভুলত্রুটি প্রকাশ পায় বা পাইয়া আপনার দখল ভোগের কোন প্রকার বাধা-বিঘ্ন ঘটে তাহা হইলে তদ্‌নিমিত্তে ভ্রম সংশোধনী দলিল করিয়া দিতে ওয়ারিশ উত্তারাধিকারীগন ক্রমে চিরকালের নিমিত্তে বাধ্য রহিলাম।উল্লেখ থাকে যে,নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত ফ্ল্যাটের বর্হিভাগে কোনরূপ পরিবর্তন,পরিবর্দ্ধন নির্মান কার্য্যাদি আপনারা কোবলা গ্রহীতাদ্বয় করিতে বা করাইতে পারিবেন না বা বিক্রীত ফ্ল্যাটের দেওয়ালে বা ছাদের ক্ষতি হয় বা আবাসন ফ্ল্যাট বাড়ীর শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হয় বা পরিবেশ অপরিচ্ছন্ন

ক্রমশ : ৫

Scanned with CamScanner

নোংড়া আবর্জনা থাকে বা দেওয়ালের, বিমের, ছাদের, কলামের,পিলারের,ক্ষতি সাধন হয় বা লবন,সার,দাহ্য পদার্থ মজুত করা বা বিক্রীত সম্পত্তির ভিতর আগুন জ্বালানো এইরুপ কোন ব্যবসা বা শিল্প কার্য্যাদি নিন্ম তপশীল বর্নিত বিক্রীত আবাসন ফ্ল্যাটে আপনি বা আপনার ওয়ারিশ উত্তরাধীকারীগনক্রমে মানিয়া চলিতে আপনারা বাধ্য থাকিলেন।নিম্ন তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির ভিতর আপনার নিজ অর্থ ব্যয়ে ইলেকট্রিক কানেকশন গ্রহন করিবেন এবং তদবাবদ যাবতীয় দায় দায়ীত্ব ব্যায়ভার আপনি বহন করিতে বাধ্য থাকিলেন।অত্র আবাসন বিল্ডিং এর সকল আবাসিকগনকে লইয়া একটি কমিটি গঠিত হইবে,উক্ত কমিটিতে আপনিও একজন সদস্য বিধায় সক্রিয় ভাবে অংশ গ্রহন করিবেন এবং ঐক্যমত সিদ্ধান্ত অনুসারে উক্ত আবাসন ফ্ল্যাট বাড়ী যে সকল কমনস্থান থাকিবে তাহা পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবার বা সংস্কারাদি করিবার বা কমন অংশে যে ইলেকট্রিক বাতি জ্বলিবে তাহার মাসিক ইলেকট্রিক বাবদ খরচ মায় কমন লিফট ও কমন পাম্প রক্ষনা-বেক্ষন,মেরামতি ও তৎবাবদ ইলেক্ট্রিকের খরচ বা ফ্ল্যাট বাড়ীর বর্হিভাগের দেওয়ালের ভবিষ্যতে প্লাষ্টার,রঙ বা সংস্কারাদি করিবার খরচ,কমন সেপটিক ট্যাঙ্ক,সোপকীট,কমন সীমানা প্রাচীর,রক্ষনা-বেক্ষনের বা সংস্কারাদির খরচ বা আবাসন ফ্লাটের কেয়ার টেকার/দারোয়ান ইত্যাদি রাখিবার জন্য যে ব্যয় হইবে তৎবাবদ খরচ আপনি কোবলা গ্রহীতা আবাসন ফ্ল্যাটের নির্দিষ্ট নিয়ম ও শৃঙ্খলা অনুয়ায়ী অপরাপর আবাসিকগনের আনুপাতিক হারে বহন করিতে বাধ্য থাকিলেন।বিক্রিত আবাসন ফ্ল্যাটের কমন দেওয়াল হাত নক্সায় প্রদর্শিত থাকিল।উক্ত কমন দেওয়ালে কোনরুপ ক্ষতিসাধন আপনারা কোবলা গ্রহীতা করিতে পারিবেন না। এতদ্বর্থে সুস্থ শরীরে, সরল মনে, অপরের বিনা প্ররোচনায় আপন খুশিতে অত্র বিক্রয় কোবলা দলিলে সহি সম্পাদন ও রেজিস্ট্রি করিয়া দিলাম।

**ইতি সন ১৪২৮সালের বাংলায় ...........ইং-।**

**-ঃ বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় ঃ-**

জেলা-নদীয়া,থানা- কোতয়ালী,সাবরেজিষ্ট্রী অফিস কৃষ্ণনগর এলাকাধীন হাল ৭ নং তৌজি,পরগণা উখড়া, মহাল ৯২ নং কৃষ্ণনগর মৌজায় বর্তমান মালেক পঃবঃ সরকার পক্ষে নদীয়া জেলা কালেক্টর বাহাদুর সাহেবের সেরেস্থায় লিখিত আর.এস.২২৯ নং,এল.আর. ৪২৬৪১ নং,খতিয়ানভুক্ত আর.এস.২৪৯৭ নং ও এল.আর. ৬৬৬০ নং দাগে ৪.৭২ শতক এবং ঐ দাগে এল.আর.৪৮৬১৯ নং খতিয়ানে ১২.২৮ শতক একুনে মোট দুইটি দাগে ১৭ শতক সম্পত্তির জমির উপর অবস্থিত বহুতল বিশিষ্ট আইকন রিয়্যালিটি নির্মিত ............. আবাসিক বিল্ডিং-এর .............কোনে ছাদের উপরিস্থিত স্বত্ত্ব ব্যাতিরেকে মেঝে হইতে ছাদের বীমের নীচ অবধি উচ্চতা বিশিষ্ট ......... দিকে কমন দেওয়াল সম্বলিত ......... বর্গফুট কর্ভাড এরিয়া এবং ২৫ শতাংশ সুপার বিল্ট আপ এরিয়া সহ ........... বর্গফুট পরিমিত............. নামাঙ্কিত আবাসন ফ্ল্যাট মায় সর্ব্বোচ্চতলের কমন স্বত্বসহ কমন ছাদে যাতায়াতের কমন সিঁড়ি(দুটি),কমন করিডোর,কমন লিফটের সুবিধা মায় নীচতলে জল নিষ্কাষনের কমন নর্দমার স্বত্ত্ব আবাসনের জমির চতুর্দিকে সীমানা

ক্রমশ ঃ ৬

Scanned with CamScanner

প্রাচীরের কমন স্বত্ত্ব মায় কমন অংশের দরজা,গ্রীল,সিঁড়ির রেলিং ইত্যাদির কমন স্বত্ত্বমায় কমন সোকপিট সেপ্টিক ট্যাঙ্কের স্বত্ত্ব মায় নীচ তলে কমন ঘরে একটি সাইকেল/মোটর বাইক রাখিবার ও উক্ত ঘরের দেওয়ালে নিজস্ব সম্পত্তির জন্য ইলেকট্রিকের মিটার বসাইবার স্বত্ত্ব অধিকার মায় ভূগর্ভস্থ হইতে পাম্পসেটের সহযোগ পাইপ লাইন মাধ্যমে সর্বোচ্চতলের ট্যাঙ্কিতে যে জল সঞ্চিত হইবে তাহা পাইপ লাইন মাধ্যমে পাইবার ও ব্যবহারের কমন সুবিধা মায় সর্ব্বোচ্চ তলের ছাদের কমন স্বত্ত্ব নীচতল হইতে সর্ব্বোচ্চতলে যাতায়াত করিবার কমন স্বত্ত্ব মায় বিক্রীত ফ্ল্যাটের ও তৎসহ কমন ব্যবহারের জমির আইন ও নিয়ম মোতাবেক অবিভক্ত তলস্থ জমির আনুপাতিক স্বত্ত্ব মায় ইজমেন্ট ও যাবতীয় সাজ সরঞ্জাম স্বত্ত্বাদিসহ বিক্রীত মাত্র।যাহার জমাজমির কাতবার্ষিক হারাহারি খাজনা পঃবঃ সরকার কর্তৃক যাহা ধার্য্য হইবে তাহা আপনারা গ্রহীতা আদায় দিতে বাধ্য থাকিবেন।অত্র সম্পত্তি কৃষ্ণনগর পৌরসভার ১৬ নং ওয়ার্ডের অন্তর্গত ঋষি অরবিন্দ রোডস্থিত ১০৯ নং,হোল্ডিংভুক্ত সম্পত্তি হইতেছে।অত্র দলিলের সহিত সংযুক্ত হাতনক্সায় বিক্রীত সম্পত্তি ............ নামাঙ্কিত লাল রঙ দ্বারা চিহ্নিত,বিক্রীত সম্পত্তি লাল রঙ দ্বারা ও উত্তর দিকে কমন দেওয়াল ও দক্ষিন পশ্চিম দিকে কমন প্যাসেজ ,কমন সিঁড়ি হলুদ রঙ দ্বারা চিহ্নিত থাকিল,অত্র হাত নক্সা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

**মৌজা** - ৯২ নং কৃষ্ণনগর

**খতিয়ান** - আর.এস.২২৯ নং,এল.আর.৪২৬৪১,৪৮৬১৯ নং

| দাগ নং - | শ্রেনী | পরিমান |
|---|---|---|
| আর.এস.২৪৯৭<br>(দুই হাজার চার শত সাতানব্বই)<br>এল.আর. ৬৬৬০(ছয় হাজার ছয় শত ষাট) | বাড়ী | ১৭ শতক<br>(মঃ সতেরো শতক) |

জমির উপর অবস্থিত বহুতল বিশিষ্ট বিল্ডিং এর ........ তলে দক্ষিন কোনে ছাদের উপরিস্বত্ত্ব ব্যতিরেকে ছাদের বীমের নীচ অবধি উচ্চতা বিশিষ্ট ও সর্বোচ্চতলের কমন স্বত্ত্বসহ .........নামাঙ্কিত কর্ভাড এরিয়া ............ বর্গফুট ও ২৫ শতাংশ সুপার বিল্ট-আপ এরিয়া সহ ........... বর্গফুট আবাসন ফ্ল্যাট বাড়ী বিক্রীত মাত্র।

**বহুতল বিশিষ্ট বিল্ডিং এর চৌহদ্দি ঃ**উত্তরে-............,দক্ষিনে-............. , পূর্বে- .........,পশ্চিমে-............ ।

**বিক্রীত ফ্ল্যাটের চৌহদ্দি ঃ**-উত্তরে-.......... ।দক্ষিনে-......... ।পূর্বে -....... ।পশ্চিমে- ......... । উক্ত চৌহদ্দির মধ্যে .......... নং বিক্রীত ফ্ল্যাট অবস্থিত হইতেছে

ক্রমশ ঃ ৭

Scanned with CamScanner

**টাকার জায়ঃ**

**নোট ঃ** অত্র দলিলখানির অন্তিম পাতায় দাতাগন-ও গ্রহীতার টিপ ছাপ সহ প্রত্যয়িত ছবি প্রদান করা হইল। উহা বিক্রয় কোবলা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে অত্র দলিলখানি পাঠ করিয়া দাতাগনকে শুনাইলাম এবং উহাদের নির্দেশানুসারে আমা কর্তৃক ড্রাফট করা হইল ।

মুসাবিদা প্রস্তুতকারক ঃ-

ইসাদিঃঃ

১)

(Basudeb Tewari)
Advocate
District Judegs'Court Nadia
at Krishnagar
Enrolment No.F-663/1266/97

২)

টাইপকারক ঃঃ-

মনিরুল সেখ,কৃষ্ণনগর,নদীয়া ।

Scanned with CamScanner